ঝিনাইদহে ক্রীড়া দিবস উদযাপন

ক্রীড়া হলে পেশা পরিবার পাবে ভরসা, এবং গড়বো ক্রীড়ায় সেতুবন্ধন, করবো বাধা দূরীকরণ; এই প্রতিপাদ্যকে সামনে রেখে ঝিনাইদহে জাতীয় ও আন্তর্জাতিক ক্রীড়া দিবস উদযাপিত হয়েছে|

জেলা প্রশাসন ও জেলা ক্রীড়া সংস্থার আয়োজনে আজ সোমবার সকালে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে থেকে একটি র্যালী বের করা হয়। র্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে এসে শেষ হয়| পরে জেলা প্রশাসকের সম্মেলনে কক্ষে অনুষ্ঠিত হয় আলোচনা সভা।

এতে জেলা প্রশাসক আব্দুল্লাহ আল মাসউদ, অতিরিক্ত জেলা প্রশাসক সাইফুর রহমান, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা তারেক হাসান, জেলা ক্রীড়া অফিসার আমানুল্লাহ আহমেদ, ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি আসিফ ইকবাল মাখন, সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম লিটন, জেলা ফুটবল এসোসিয়েশনের সভাপতি আহসানুজ্জামান ঝন্টু, সাধারণ সম্পাদক তৌহিদুল ইসলাম সংগ্রাম, রেফারি এসোসিয়েশনের সাধারণ সম্পাদক শাহ মোহাম্মদ আব্দুল্লাহসহ অন্যান্যরা বক্তব্য রাখেন|

খেলাধুলা তরুণ প্রজন্মকে সুস্থ ও শৃঙ্খলাপূর্ণ জীবনধারায় গড়ে তোলে এবং তাদের বিপথগামিতা থেকে দূরে রাখতে কার্যকর ভূমিকা রাখে। উল্লেখ করে বক্তারা বলেন, ক্রীড়ার বিকাশে সম্মিলিত উদ্যোগের প্রয়োজনীয়তার ওপর গুরুত্ব দেন|

চুয়াডাঙ্গায় জাতীয় ও আন্তর্জাতিক ক্রীড়া দিবসে র্যালি ও আলোচনা সভা

স্মার্ট বাংলাদেশ স্মার্ট ক্রীড়াঙ্গন শেখ হাসিনার দর্শন এই প্রতিপাদ্যকে সামনে রেখে চুয়াডাঙ্গায় পালিত হয়েছে জাতীয় ও আন্তর্জাতিক ক্রীড়া দিবস। দিবসটি উপলক্ষে শোভাযাত্রা ও আলোচনা

সভার মধ্য দিয়ে চুয়াডাঙ্গায় জাতীয় ও আন্তর্জাতিক ক্রীড়া দিবস পালিত হয়। চুয়াডাঙ্গা জেলা প্রশাসন ও জেলা ক্রীড়া সংস্থা যৌথভাবে এ দিবসটি পালন করে।

বৃহস্পতিবার (৬ এপ্রিল) সকাল সাড়ে দশটার টায় ‘স্মার্ট বাংলাদেশ, স্মার্ট ক্রীড়াঙ্গন, শেখ হাসিনার দর্শন’ এ প্রতিপাদ্যকে সামনে রেখে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান বেলুন উড়িয়ে এ দিবসটির আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

সেখান থেকে একটি বর্ণাঢ্য শোভাযাত্রা বের করা হয়। শোভাযাত্রাটি জেলা শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে একই স্থানে এসে শেষ হয়। পরে জেলা প্রশাসকের কার্যালয়ের সম্মেলন কক্ষে চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ও সহ-সভাপতি চুয়াডাঙ্গা জেলা ক্রীড়া সংস্থা মোঃ নাজমুল হামিদ রেজা সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ও জেলা ক্রীড়া সংস্থার সভাপতি মোহাম্মদ আমিনুল ইসলাম খান।

আলোচনাসভায় প্রধান অতিথির বক্তব্যে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান বলেন, সুস্থ শরীর এবং সুন্দর মন তৈরি করতে হলে অবশ্যই আমাদের ক্রীড়া চর্চা এবং খেলাধুলা করতে হবে। সমাজে এখন মাদকের প্রভাব ব্যাপক। মাদকমুক্ত সমাজ গঠন করতে হলে ক্রীড়াঙ্গণকে বড় ভূমিকা রাখতে হবে। একজন ক্রীড়াবিদ ও সংগঠক মাদক থেকে দূরে থাকেন। কোন ক্রীড়াবিদ মাদক গ্রহন করতে পারে না। এ সময় তিনি সকলকে আহ্বান করে বলেন স্মার্ট বাংলাদেশ গঠন এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্ন বাস্তবায়ন সোনার বাংলা বাস্তবায়ন করতে হলে অবশ্যই আমাদেরকে মাদকহীন সমাজ গড়ে তুলতে হবে।সেইসাথে মাদকমুক্ত সমাজ গড়তে হলে অবশ্যই আমাদেরকে খেলাধুলার চর্চা করতে হবে।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) মোঃ আবু তারেক, চুয়াডাঙ্গা জেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক নঈম হাসান জোয়ার্দার, চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের নেজারত ডেপুটি কালেক্টর (এনডিসি)সাদাত হোসেন সহ চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের কর্মকর্তা, জেলা ক্রীড়া সংস্থার কর্মকর্তা কর্মচারী, বিভিন্ন ক্রীড়া সংগঠনের নেতাকর্মী,ক্রীড়াবীদ ছাত্র-ছাত্রী বৃন্দ,ইলেকট্রনিক্স প্রিন্ট মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।